গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৬
ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি
ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

বিষয় : **স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট ভূমি ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালার কার্যবিবরণী**

মূল প্রবন্ধ উপস্থাপক : জনাব মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

সঞ্চালক : জনাব শশাঙ্ক শেখর ভৌমিক
সদস্য (ভূমি ব্যবস্থাপনা)
ভূমি সংস্কার বোর্ড

কর্মশালার স্থান : ভূমি সংস্কার বোর্ডের সম্মেলন কক্ষ, ভূমি ভবন (৩য় তলা), ৯৮, শহীদ তাজউদ্দিন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা

তারিখ ও সময় : ০৭ মার্চ ২০২৪, সকাল ০৯:৩০ ঘটিকা

**কর্মশালার উপস্থিতি: পরিশিষ্ট 'ক'**

কর্মশালার শুরুতে পরিচয় পর্ব শেষে জনাব মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ, চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা কর্মশালায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে কর্মশালার শুভ উদ্বোধন ঘোষণাপূর্বক মূল প্রবন্ধ উপস্থাপন করেন। জনাব শশাঙ্ক শেখর ভৌমিক, সদস্য (ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড কর্মশালায় সঞ্চালনার দায়িত্ব পালন করেন। কর্মশালায় জনাব মো: মাহমুদুল হক, পিএইচডি, উপসচিব, অর্থ মন্ত্রণালয়, জনাব মো: রেজাউল কবীর, উপ-ভূমি সংস্কার কমিশনার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা, এবং জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, উপ-ভূমি সংস্কার কমিশনার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা আলোচক হিসেবে উপস্থিত ছিলেন। জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম, সহকারী ভূমি সংস্কার কমিশনার এবং জনাব খৃষ্টফার হিমেল রিছিল, সহকারী ভূমি সংস্কার কমিশনার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা র‍্যাপোটিয়ারের দায়িত্ব পালন করেন। এছাড়া ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাবৃন্দ, আটটি বিভাগের আটজন রেভিনিউ ডেপুটি কালেক্টর ও ষোলজন সহকারী কমিশনার (ভূমি)গণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট ভূমি ব্যবস্থাপনা বিষয়ক বিস্তারিত আলোচনা করেন। কর্মশালায় উপস্থিত সকলের অংশগ্রহণে দলীয় আলোচনা করা হয়। দলীয় আলোচনা শেষে চ্যালেঞ্জ ও সুপারিশসমূহ উপস্থাপন করা হয়। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট ভূমি ব্যবস্থাপনা বিষয়ক সুপারিশসমূহ নিম্নরূপ:

| ক্র. নং. | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ভিত্তি | স্মার্ট ভূমি ব্যবস্থাপনায় সুপারিশসমূহ | |
|---|---|---|---|
| ১. | স্মার্ট সিটিজেন | ১ | স্মার্ট ভূমিসেবা সম্পর্কে সেবাগ্রহীতাগণের সচেতনতা বৃদ্ধি করা এবং ভূমিসেবার বিভিন্ন অ্যাপ্লিকেশন সম্পর্কে তাদেরকে অবগত করা ও দক্ষতা বৃদ্ধি করা। |
| | | ২ | জাতীয় পাঠ্যক্রমে ভূমি ও ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত অধ্যায় যুক্ত করা। |
| | | ৩ | স্মার্ট ভূমিসেবা সম্পর্কে প্রচার-প্রচারণা করা, সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা। |
| | | ৪ | স্মার্ট ভূমিসেবা সম্পর্কে জনগণের সচেতনতা ও আগ্রহ বাড়াতে সেমিনার ও কর্মশালা আয়োজনের জন্য ভূমি অফিসসমূহে বাজেট বরাদ্দ। |
| ২. | স্মার্ট গভর্নমেন্ট | ৫ | সর্বক্ষেত্রে স্মার্ট ডিজিটাল সিস্টেম চালু করা। |
| | | ৬ | আর্টিফিশিয়াল ইনটেলিজেন্স (এআই)-এর ব্যবহার বৃদ্ধিকরণ। |
| | | ৭ | ধীর গতির সার্ভারসহ অন্যান্য যান্ত্রিক ও টেকনিক্যাল ত্রুটিসমূহ যথাসম্ভব দূর করা। |
| | | ৮ | হ্যাকিং/স্পুনিং রুখতে সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণ। |

| | | | |
|---|---|---|---|
| | | ৯ | স্মার্ট ভূমি ব্যবস্থাপনার জন্য নতুন নতুন পরিপত্র ও আইন-কানুন প্রণয়ন করা। |
| | | ১০ | ভূমি সংশ্লিষ্ট আইনের অস্পষ্টতা দূরীকরণ, একাধিকবার পরিবর্তন বা সংশোধনের প্রবণতা পরিহার এবং আইনের দ্ব্যর্থকতা দূরীকরণ। |
| | | ১১ | ভূমি ব্যবস্থাপনা ও নিবন্ধন সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের মধ্যে সুসমন্বয় সাধন। |
| | | ১২ | ভূমি ব্যবস্থাপনা মডিউল ও সিভিল জুডিশিয়ারির মধ্যে সংশ্লিষ্টতা তৈরি করা। |
| | | ১৩ | নগরায়ন, বিকেন্দ্রীকরণ ও ল্যান্ড জোনিং সুপরিকল্পিতভাবে করা। |
| | | ১৪ | পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা ও কর্মচারীদের জন্য ক্যারিয়ার প্লানিং করা। |
| | | ১৫ | দক্ষতা প্রতিপাদন ব্যবস্থা থাকা এবং দুর্নীতিপরায়ণ কর্মচারীদের বিরুদ্ধে কঠোর বিভাগীয় ব্যবস্থা গ্রহণ। |
| | | ১৬ | জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অভিজ্ঞতা বিনিময়। |
| | | ১৭ | সাব-রেজিস্ট্রার কর্তৃক বন্টননামা দলিল ছাড়া ওয়ারিশান সম্পত্তি হস্তান্তর দলিল সম্পাদন না করা। |
| | | ১৮ | ২০০৫ সালে বন্টননামার বিষয়ে আইনগত ভিত্তি দেয়া হলেও এর পূর্বের বন্টননামা দলিল ছাড়া হস্তান্তরিত জমির ব্যবস্থাপনায় জটিলতা এড়াতে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান ও সকল ভূমি অফিসে আইন প্রয়োগে অভিন্নতা। |
| | | ১৯ | যৌথ হোল্ডিং-এর ভূমি উন্নয়ন কর আদায় সহজীকরণ করা। |
| | | ২০ | যৌথ নামজারির বদলে এক মৌজায় এক ব্যক্তির নামে এক খতিয়ান খোলা নিশ্চিতকরণ। |
| | | ২১ | যৌথ হোল্ডিং-এর ভূমি উন্নয়ন কর আদায়ে ওয়ারিশদের নামে পৃথক বাই হোল্ডিং খোলা। |
| | | ২২ | সরকারি স্বার্থ সংশ্লিষ্ট জমির অনলাইন ডাটাবেজ প্রস্তুতকরণ। |
| | | ২৩ | অর্পিত সম্পত্তি লিজ নবায়ন অনলাইন প্লাটফর্মে আনয়ন এবং অর্পিত সম্পত্তি জরিপ পরিচালনা করা। |
| | | ২৪ | অর্পিত সম্পত্তি 'ক'-তালিকা ডিমারকেশনের জন্য সুস্পষ্ট নির্দেশনা থাকা। |
| | | ২৫ | পার্বত্য অঞ্চলসমূহ ভূমি জরিপ কার্যক্রমের আওতায় আনয়ন। |
| | | ২৬ | স্মার্ট পেরিফেরি মেনেজমেন্ট সিস্টেম চালু করা যেখানে চান্দিনা ভিটি/তোহা বাজার/স্থাপনাসমূহ চিহ্নিত থাকবে। |
| | | ২৭ | আরএম শাখা কর্তৃক সরকারি স্বার্থভুক্ত সকল মামলার তথ্য অনলাইন প্লাটফর্মে হালনাগাদ করা। |
| | | ২৮ | জিপিএস সিস্টেমে সরকারি সকল সম্পত্তির লোকেশন এবং বর্তমান অবস্থা এন্ট্রি থাকা। |
| | | ২৯ | শুধু সরকারি সম্পত্তি চিহ্নিত করে আলাদাভাবে মৌজা ম্যাপ প্রস্তুত করতে হবে। |
| | | ৩০ | নামজারি সিস্টেমের যাচাই অপশনের সাথে ই-পরচা সিস্টেমের ইন্টিগ্রেশন। |
| | | ৩১ | মৌজাভিত্তিক হাইড্রোগ্রাফিক জরিপ পরিচালনা ও নতুন বালুমহাল ঘোষণা |
| ৩ | স্মার্ট সোসাইটি | ৩২ | এনজিওদের অন্তর্ভুক্ত করা। |
| | | ৩৩ | রাজনৈতিক অংশীজনসহ সকল অংশীজন বা স্টেইকহোল্ডারদেরকে অন্তর্ভুক্ত করা। |
| | | ৩৪ | ভূমি সংক্রান্ত কাজের জন্য কমিউনিটি ভিত্তিক সংস্থা তৈরি করা। |
| | | ৩৫ | স্থানীয়ভাবে 'এক্সপার্ট সাহায্যকারী' পুল তৈরি করার লক্ষ্যে নীতিমালা প্রণয়ন করা। |
| ৪ | স্মার্ট ইকোনোমি | ৩৬ | ক্যাশলেস বা অনলাইনে রাজস্ব আদায়। |
| | | ৩৭ | রাজস্ব আদায়ে পদ্ধতিগত পরিবর্তন। |
| | | ৩৮ | কর-বহির্ভূত রাজস্ব আদায়ের হার যৌক্তিকভাবে বৃদ্ধিকরণ। |

আর কোনো আলোচনা না থাকায় সঞ্চালক সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

শশাঙ্ক শেখর ভৌমিক
সদস্য (ভূমি ব্যবস্থাপনা)
(অতিরিক্ত সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ও
সঞ্চালক
স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট ভূমি
ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালা

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৩.৩৮.০২০.২৩.৫১

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

(১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২) সদস্য (প্রশাসন), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৩) বিভাগীয় কমিশনার (সকল)
(৪) যুগ্মসচিব, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৫) উপ-ভূমি সংস্কার কমিশনার- ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৬) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল বিভাগ)
(৭) ম্যানেজার, কোর্ট অব ওয়ার্ড, ঢাকা নওয়াব এস্টেট/ভাওয়াল রাজ এস্টেট, ঢাকা
(৮) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৯) চেয়ারম্যান (সচিব)-এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
(১০) হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(১১) সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
(১২) অফিস কপি

খৃষ্টফার হিমেল রিছিল
(সিনিয়র সহকারী সচিব)
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন: ০২-৪১০১০৪৫৮
ই-মেইল: alrc3@lrb.gov.bd